


সারাদেশ

১৪ বছরের সাজাপ্রাপ্ত পলাতক অস্ত্র মামলার আসামি গাজীপুরে গ্রেপ্তার

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি নিজস্ব প্রতিবেদক

রাজধানীর ক্যান্টনমেন্ট থানার অস্ত্র মামলায় ১৪ বছরের সাজাপ্রাপ্ত দীর্ঘদিনের পলাতক আসামি মো. শাহিনুর রশিদ ওরফে হালিমকে (৫০) গাজীপুর থেকে গ্রেপ্তার করেছে র্যাব।

সোমবার (৩ আগস্ট) রাতে র্যাব-৩ ও র্যাব-১-এর যৌথ অভিযানে গাজীপুর সদর উপজেলার ভূরুলিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

মঙ্গলবার (৪ আগস্ট) র্যাবের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেপ্তার শাহিনুর রশিদ ঢাকার ক্যান্টনমেন্ট থানার দক্ষিণ মানিকদি এলাকার মৃত আব্দুর রশিদের ছেলে।

র‍্যাব জানায়, ২০১৬-১৭ সালে ক্যান্টনমেন্ট থানার মানিকদি, ইসিবি চত্বর, ভাষানটেকসহ বিভিন্ন এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে আতঙ্ক সৃষ্টি করতেন হালিম। ২০১৭ সালের ৪ জুন র‍্যাব-৪ তাকে গ্রেপ্তার করে ক্যান্টনমেন্ট থানায় সোপর্দ করে। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, দুটি ৭.৬৫ ক্যালিবারের গুলি এবং একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়।

পরে তিনি জামিনে মুক্তি পান। মামলার বিচার শেষে আদালত তাকে ১৪ বছরের সশ্রম কারাদণ্ড দেন এবং তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। এরপর দীর্ঘদিন তিনি দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে থেকে নাম-পরিচয় ও বেশভূষা পরিবর্তন করে অবস্থান করছিলেন বলে র‍্যাব জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শাহিনুর রশিদ ২০১২ সালের একটি ডাকাতি মামলাসহ একাধিক মামলার আসামি। তার বিরুদ্ধে জারি হওয়া গ্রেপ্তারি পরোয়ানা কার্যকরের লক্ষ্যে র‍্যাব-৩-এর গোয়েন্দা দল ছায়া তদন্ত শুরু করে। পরে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে র‍্যাব-১-এর সহযোগিতায় পরিচালিত যৌথ অভিযানে তাকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাব জানিয়েছে, গ্রেপ্তার আসামির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



বেনাপোলে ৪১৭ বোতল ভারতীয় নেশাজাতীয় সিরাপ উদ্ধার
বেনাপোল সীমান্তের গোয়া এলাকায় অভিযান চালিয়ে ৪১৭ বোতল ভারতীয় নেশাজাতীয় সিরাপ জব্দ করেছে মুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি)। সোমবার (৫ অক্টোবর) মুলন...



ভূত্বীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভূত্বী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে দুই মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/14-bchhrer-sajaprapt-platk-ostr-mamlar-asami-gajipure-greptar>